



শোবিজ অভিনেত্রী শবনম ফারিয়া বিয়ে করলেন, পাত্র কে?



সংগৃহীত ছবি

জনপ্রিয় মডেল ও অভিনেত্রী শবনম ফারিয়া দ্বিতীয়বারের মতো বিয়ের পিঁড়িতে বসলেন। পাত্র তানজিম তৈয়ব একজন ব্যাংকার, বর্তমানে দেশের একটি শীর্ষস্থানীয় বেসরকারি ব্যাংকে অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট হিসেবে কর্মরত।

জনপ্রিয় মডেল ও অভিনয়শিল্পী শবনম ফারিয়া নতুন করে ঘর বাঁধলেন। শুক্রবার (১৯ সেপ্টেম্বর) বাদ আসর ঢাকার মাদানী অ্যাভিনিউর মসজিদ আল মুস্তাফায় পারিবারিক ও ঘনিষ্ঠজনদের উপস্থিতিতে সম্পন্ন হয় তাদের বিয়ে।

বর তানজিম তৈয়ব রাজশাহীর সন্তান। বর্তমানে তিনি বাংলাদেশের একটি শীর্ষস্থানীয় বেসরকারি ব্যাংকে অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট পদে দায়িত্ব পালন করছেন। উচ্চশিক্ষার জন্য তিনি অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব সাউথ ওয়েলস থেকে স্নাতকোত্তর সম্পন্ন করেন।

এটি শবনম ফারিয়ার দ্বিতীয় বিয়ে। এর আগে ২০১৮ সালে তিনি ভালোবেসে হারুনুর রশীদ অগুকে বিয়ে করেছিলেন, যিনি সে সময় একটি বেসরকারি বিপণন সংস্থার জ্যেষ্ঠ ব্যবস্থাপক হিসেবে কর্মরত ছিলেন।